

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **CBMS** সফটওয়্যারে **Onboard** হওয়ার কার্যক্রম সহজীকরণ ও সময় বৃদ্ধি করা প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডে ০১/০১/২০২৫ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর স্মারক নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/৬০৯, তারিখ: ০৫/০১/২০২৫।

CBMS সফটওয়্যারে Onboard হওয়ার কার্যক্রম সহজীকরণ ও সময় বৃদ্ধির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি) এর সভাপতিত্বে ০১/০১/২০২৫ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আপনাদের সদয় অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

কার্যবিবরণীতে উল্লেখিত সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম পরিচালনা করে আগামী ৩১/০১/২০২৫ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে Onboard হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

সভার কার্যবিবরণী

বিষয়ঃ ০১/০১/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত Customs Bond Management System (CBMS) সফটওয়্যারটি ৩-৪ মাস পরীক্ষামূলকভাবে চালু রাখা এবং Onboard হওয়ার ক্ষেত্রে সময় বৃদ্ধি করা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

তারিখ ও সময় : ০১ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ, বিকাল ০৩.০০ ঘটিকা।

সভাপতি : জনাব মো: মোয়াজ্জেম হোসেন

সদস্য (চলতি দায়িত্ব) (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্থান : জাতীয় রাজস্ব বোর্ডের সভাকক্ষ (কক্ষ নং-৫১৫)।

বিগত ০১/০১/২০২৫ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) মহোদয়ের সভাপতিত্বে Customs Bond Management System (CBMS) সফটওয়্যারটি ৩-৪ মাস পরীক্ষামূলকভাবে চালু রাখা এবং Onboard হওয়ার ক্ষেত্রে সময় বৃদ্ধি করা সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প এর প্রকল্প পরিচালক, কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম, জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), ডেন্ডর প্রতিষ্ঠান এবং অংশীজন সংগঠন/প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক-তে সংযুক্ত)।

০২। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি CBMS সফটওয়্যারের আওতায় বন্ড অটোমেশন কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সদিচ্ছা এবং একই সাথে সকল অংশীজনদের সক্রিয় অংশগ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেন। অতঃপর সভায় উপস্থিত সদস্যগণ তাদের নিজ নিজ মতামত এবং Onboarding এর ক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন ইস্যু এবং তৎপ্রেক্ষিতে করণীয় সম্পর্কে মতামত উপস্থাপন করেন। সার্বিক পরিস্থিতি পর্যালোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	Onboarding কার্যক্রম সঠিকভাবে সম্পন্নকরণ এবং অংশীজনদের সহায়তার অংশ হিসেবে সকল বন্ড কমিশনারেট নিজ নিজ দপ্তরে Dedicated Help Desk স্থাপন করবেন। উক্ত Help Desk এর জন্য কমিশনারেট কর্তৃক মনোনীত রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, আইটি কর্মকর্তা ও ডেন্ডর প্রতিনিধি (টেকনিক্যাল) পূর্ণকালীন নিয়োজিত থেকে দায়িত্ব পালন করবেন। একজন সহকারী কমিশনার/উপ-কমিশনার পর্যায়ের কর্মকর্তা উক্ত Help Desk এর কার্যক্রম তদারকি করবেন।	কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম, প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, সিস্টেম এনালিস্ট, বন্ড ব্যবস্থাপনা
২	Onboarding কার্যক্রমে যথাযথভাবে সকল অংশীজনদের সফলভাবে অন্তর্ভুক্তির লক্ষ্যে Onboarding এর সময়সীমা ৩১ জানুয়ারি, ২০২৫ খ্রি. পর্যন্ত বর্ধিত করা হলো। উক্ত সময়ের মধ্যে Automated কার্যক্রমের পাশাপাশি প্রয়োজনে Manual পদ্ধতিতে কার্যক্রম করা যাবে। এক্ষেত্রে বন্ড কমিশনারেটসমূহ Help Desk গঠনের পাশাপাশি বিভিন্ন সেক্টরের নতুন/অনবোর্ড হয়নি এমন একাধিক সংখ্যক প্রতিষ্ঠান নিয়ে বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর) এবং বন্ড কমিশনারেট ঢাকা (দক্ষিণ) দপ্তরে ধারাবাহিক মডিউলভিত্তিক তথ্য ইনপুটের মাধ্যমে কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণ করবেন।	স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), ডেন্ডর প্রতিষ্ঠান এবং অংশীজন সংগঠন/প্রতিষ্ঠান।
৩	বন্ডেড প্রতিষ্ঠানের মালিকানা সংক্রান্ত তথ্য এবং যে সকল ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রতিনিধি ভুল তথ্য এন্ট্রি করেছেন বা প্রয়োজ্য ক্ষেত্রে Edit Option এর ব্যবস্থা চালু রাখা হবে।	
৪	Onboarding কার্যক্রমকে উৎসাহিত করণের লক্ষ্যে যে সব প্রতিষ্ঠান দ্রুততার সাথে Automation এর সাথে সম্পূর্ণ হবে তাদেরকে Fast Track সেবা প্রদানের লক্ষ্যে কমিশনারেট কর্তৃক বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে।	

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫	Onboarding কার্যক্রম এবং CBMS সফটওয়্যারের ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল অংশীজনদের উপস্থিতিতে প্রতি সপ্তাহে তদারকি সভা আয়োজন করা হবে।	

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ক্রিয়াকর্ম
৫/৫/২০২৫

(মো: মোয়াজ্জেম হোসেন)

সদস্য (কাস্টমস: রপ্তানি বন্ড ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩/৫

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।
- ৪। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। মহাসচিব, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭ এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-০১, উত্তরা, ঢাকা।
- ৭। সভাপতি, বিকেএমইএ, প্রানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
- ৮। সভাপতি, বিজিএপিএমইএ, ২৭৩/৩, পশ্চিম মালিকদি, ৩য় তলা ইসিবি চত্বর, মিরপুর, ডিওএইচএস লিংক রোড, ঢাকা।
- ৯। সভাপতি, এলএফএমইএবি, হারার লিংক, ট-৯৪/বি, মধ্য বাড্ডা গুলশান লিংক রোড, ঢাকা।
- ১০। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন, বিটিএ, বাড়ি নং-৫৭/৫ (২য় তলা, বাম পাশ), রোড ৪/এ, ধানমন্ডি, ঢাকা।
- ১১। সভাপতি, বিটিএমএ, লেভেল-৬, ইউটিসি ভবন, পাছপথ, কাওরান বাজার- ১২১৫।
- ১২। সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, ৬ষ্ঠ তলা, সুইট- ৬০৩/৬০৪, পল্টন টাওয়ার, ৮৭ পুরাতন পল্টন লাইন, ঢাকা।
- ১৩। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, রিভ সিস্টেমস।

নথি নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/ ৫০৯

তারিখ : ০৫/০১/২০২৫ খ্রিষ্টাব্দ।

অনুলিপি: সদস্য অবগতির জন্য

- ১। সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২-৩। অফিস কপি/গার্ড কপি।

০৫.০১.২০২৫

(মোঃ আল আমিন)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnrb@gmail.com